বিচার বিভাগ আর স্বাধীন থাকবে না : ফখরুল

নিউজ ডেক্স : সরকার উচ্চ আদালতে হস্তক্ষেপ করছে- প্রধান বিচারপতি এস কে সিনহার এমন বক্তব্যে বিএনপির আশঙ্কা সত্য প্রমাণিত হয়েছে বলে দাবি করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সেই সাথে প্রধান বিচারপতির সাথে এমন আচরণের পর বিচার বিভাগ এখন আর স্বাধীন থাকবে না বলেও আশঙ্কা প্রকাশ করেন তিনি।

আজ শনিবার দুপুরে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি এসব বলেন।

এ সময় প্রধান বিচারপতিকে নিয়ে সম্প্রতি আইনমন্ত্রীসহ সরকারের মন্ত্রীদের বক্তব্যের সমালাচেনা করে মির্জা ফখরুল বলেন, বিচার বিভাগের সর্বোচ্চ ব্যক্তিকে নিয়ে সরকারের মন্ত্রীরা যেসব অশ্রাব্য ভাষায় আক্রমণ করছে তা কোনো সভ্য সমাজে কল্পনাও করা যায় না। এতদিন রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে যে অত্যাচার নিপীড়ন চলেছে, এখন স্বয়ং প্রধান বিচারপতির ওপর মানসিক ও শারীরিক অত্যাচার করা হচ্ছে বলেও দাবি করেন তিনি।

তিনি বলেন, প্রধান বিচারপতিকে পুরোপুরিভাবে নিষ্ক্রিয় করে তার ওপর শারীরিক মানসিক চাপ সৃষ্টি করে তাকে স্বাধীন মতামত থেকে বিরত রাখা হয়। ক্ষমতাসীন সরকারকে জবরদখলকারী আখ্যা দিয়ে তিনি বলেন, সরকার জবরদখলকারী করে বসে আছে। তারা মনে করেছে এটা তাদের পৈতৃক সম্পত্তি। আসলে আওয়ামী লীগ রাজনৈতিকভাবে দেউলিয়া হয়ে গেছে বলেই এ ধরণের অন্যায় অপকর্ম করছে।

চলতি সপ্তাহে দেশে ফিরছেন খালেদা জিয়া
লন্ডন থেকে চিকিৎসা শেষে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া চলতি সপ্তাহেই দেশে ফিরছেন বলে জানিয়ে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, খুব শিগগিরই দেশে আসছেন। আমি আশা করি, চলতি সপ্তাহেই তিনি দেশে আসছেন। -কালের কণ্ঠ